

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৮.০২.০২৬.১৬.৩৬২

তারিখ: ২৩ আগস্ট ১৪২৫

০৮ অক্টোবর ২০১৮

**বিষয়:** সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার বুধহাটা কওছারিয়া দাখিল মাদ্রাসার “এমএলএসএস”  
 পদে নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

**সূত্র:** (১) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪(মাদ্রাসা-২) এর স্মারক নং-

শিম/শাখা-২৪/বিবিধ-০-৮/২০০৮(অংশ/২৭৪), তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি।

(২) বুধহাটা কওছারিয়া দাখিল মাদ্রাসা আশাশুনি, সাতক্ষীরা এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো  
 যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার বুধহাটা কওছারিয়া দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক সূত্রোচ্চ (২) নং  
 স্মারক মূলে তাঁর মাদ্রাসায় “এমএলএসএস” পদে নিয়োগের নিমিত্ত মহাপরিচালক (মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর) এর  
 প্রতিনিধি মনোনয়নের জন্য আবেদন করা হচ্ছে।

০২. উপরিউক্ত আবেদনের প্রেক্ষিতে সূত্রোচ্চ (১) নং স্মারক মূলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে  
 নিয়ন্ত্রণে মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়ন করা হলো:

ক্রম নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	নিয়ন্ত্রণের বিষয়/পদ	ডিজি মহোদয়ের প্রতিনিধি
০১.	বুধহাটা কওছারিয়া দাখিল মাদ্রাসা। উপজেলা: আশাশুনি, জেলা: সাতক্ষীরা ঠাণ্ডা মোবাইল: ০১৭২৪-৭০৭০১৯	০১। এমএলএসএস	জেলা শিক্ষা অফিসার সাতক্ষীরা। মোবাইল: ০১৭১৬-০১৮২৮৯

**শর্তাবলী :**

(১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখ: ১১.১১.২০১৫ খ্রি: এবং শিক্ষা  
 মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০. ০০০০.০৭১.০৮.০০৮.০৫- ১০৮১, তারিখ: ৩০.১২.২০১৫ খ্রি: এর নির্দেশনা যথাযথভাবে  
 অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(২) কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটানো যাবেনা।

(৩) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুচ্ছেদ  
 ৬.৩ (গ) ও (ঘ) এবং প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ মোতাবেক প্যাটার্নভুক্ত শুন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য  
 সুপারিশ করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি, সর্বশেষে এমপিও শীট এবং  
 শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। ২৪ মার্চ ২০১৩ তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার  
 অনুমোদিত/ অতিরিক্ত কোন পদে নিয়োগ/যাচাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসাবে অংশ গ্রহণ করা যাবে না।

(৪) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুচ্ছেদ:  
 ১১ (১) এবং পরিশিষ্ট মোতাবেক কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসাবে  
 নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।

(৫) মহিলা কোটা পুরণের ক্ষেত্রে ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের  
 অনুচ্ছেদ: ৯ (নয়) এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে) পুরুষানুপুরুষে অনুসরণ করতে হবে।

(৬) প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্নিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।

(৭) শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধি হিসেবে মনোনীত কর্মকর্তার নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর থাকতে হবে।


(৮) ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং মামলা থাকলেসংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।

(৯) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পুঙ্খানুপুঙ্খরূপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদ্রাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাৎ/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১০) নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০% বেতন-ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে শর্তটি ডিজির

প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদ্রাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।

০৩. নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর ডিজির মনোনীত প্রতিনিধি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন।



৮-১০-২০১৮

সফিউদ্দিন আহমদ

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

বিতরণ :

- ১) জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ২) সুপার, বুধহাটা কওছারিয়া দাখিল মাদ্রাসা,  
আশাশুনি, সাতক্ষীরা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৮.০২.০২৬.১৬.৩৬২/১

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৫  
০৮ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আশাশুনি, সাতক্ষীরা;
- ২) অফিস কপি।



৮-১০-২০১৮

মাহফুজ ইয়াছমিন

সহকারী পরিচালক